দৈনিক
ইত্তেফাক

তারিখ 0 6 MAR 2007
পৃষ্ঠা ১৬ কলাম ৮
৩৭



*চট্টগ্রাম ঃ নগরীর পেনিনসুলা হোটেলে ব্রিটিশ কাউন্সিল চট্টগ্রাম সেন্টার আয়োজিত ইউকে শিক্ষামেলা –ইত্তেফাক*

# চট্টগ্রামে ইউকে শিক্ষামেলায় যুক্তরাজ্যের ১৬টি ভার্সিটি স্টল খুলেছে

॥ চট্টগ্রাম অফিস ॥

নগরীর পেনিনসুলা হোটেলে গতকাল সোমবার শুরু হয়েছে দু'দিনব্যাপী 'ইউকে শিক্ষা মেলা- ২০০৭'। সকালে স্কাইপুল সাইটে মেলা উদ্বোধন করেন চট্টগ্রাম চেম্বার সভাপতি সাইফুজ্জামান চৌধুরী। মেলায় যুক্তরাজ্যের ১৬টি বিশ্ববিদ্যালয় এবং ব্রিটিশ কাউন্সিলের ১টি স্টল খোলা হয়েছে। প্রতিটি স্টলে যুক্তরাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের (১৫শ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রামে ইউকে শিক্ষা

(১৬শ পৃঃ পর)

পক্ষে ব্রিটেনে বিভিন্ন বিষয়ে উচ্চশিক্ষা গ্রহণ, ব্রিটেনে শিক্ষা গ্রহণের উদ্দেশ্যে যাওয়ার প্রক্রিয়া সম্পাদন, ব্রিটেনে অবস্থানের নানা রকম টিপস্ ও গাইড, ভিসা প্রাপ্তি প্রক্রিয়া এবং যুক্তরাজ্যের বিশ্ববিদ্যালয়সমূহের বাংলাদেশস্থ প্রতিনিধিদের ভূমিকা বিষয়ে তথ্য আদান প্রদানের ব্যবস্থা রয়েছে।

নগরীর শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের জন্য মেলা গতকাল বিকেল ৩টি থেকে রাত ৯টা পর্যন্ত উন্মুক্ত ছিল। আজ মঙ্গলবার বেলা ১টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত মেলা খোলা থাকবে। মেলায় ইউনিফর্ম পরিহিত স্কুল ছাত্র-ছাত্রী এবং পরিচয়পত্র ধারী শিক্ষার্থীদের বেলায় প্রবেশমূল্য নেয়া হচ্ছে না।

মেলায় যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অব এ্যাবার্টে ডানডী, ব্রুনেল ইউনিভার্সিটি, কারডিফ ইউনিভার্সিটি, ইউসিই বার্মিংহাম, সিটি ইউনিভার্সিটি লন্ডন, ইউনিভার্সিটি অব হার্ডফোর্ডশায়ার, লন্ডন স্কুল অব কমার্স, কুইন মেরি ইউনিভার্সিটি অব লন্ডন, ইউনিভার্সিটি অব ওয়ারউইকসহ ১৬টি শিক্ষা